# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য বিভিন্ন দলের প্রার্থীদের মনোনয়ন পত্র জমা/ ধলাই আসনে এস ইউ সি আই(কম্যুনিস্ট) দলের প্রার্থী গৌরচন্দ্র দাসের আজ মনোনয়ন পত্র দাখিল/

(২) রাজ্যে পর্যাপ্ত পরিমাণ বিদ্যুতের ব্যবস্থা করা এবং এর নির্ভরযোগ্যতা বৃদ্ধি করতে চলতি বছরে এপর্যন্ত তিনশো কোটি টাকা বিনিয়োগ করে ২৬টি বিদ্যুৎ উপ-কেন্দ্র নির্মাণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(৩) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের আয়ুষ্মান ভারত প্রকল্পকে সবচেয়ে উৎকৃষ্ট সামাজিক নিরাপত্তামূলক প্রকল্পগুলির মধ্যে অন্যতম বলে মত প্রকাশ/

এবং

(৪) গোয়ার পানাজীতে অনুষ্ঠিত জাতীয় প্যারা-সাঁতার প্রতিযোগিতায় আসামের মোট ন'টি পদক অর্জন/

---

ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য

বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে নির্বাচনী তৎপরতা ক্রমে বৃদ্ধি পাচ্ছে । ধলাই আসনে এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের মনোনীত প্রার্থী গৌরচন্দ্র দাস আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । আজ দুপুরে ধলাই বিধানসভার রিটার্নিং অফিসারের হাতে তিনি তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । মনোনয়ন পত্র জমা দেবার সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন- এস ইউ সি আই'এর রাজ্য কমিটির অন্যতম সদস্য অরুণাংশু ভট্টাচার্য, দলের কাছাড় জেলাকমিটির সম্পাদক ভবতোষ চক্রবর্তী, সুব্রত চন্দ্র নাথ ও হিল্লোল ভট্টাচার্য । মনোনয়ন পত্র জমা দেওয়ার আগে ধলাই বিধানসভা এলাকা থেকে আসা দলীয় কর্মী-সমর্থকদের এক মিছিল শিলচর শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে জেলা আয়ুক্তের কার্যালয়ে এসে জমায়েত হয় । এদিকে দলীয় প্রার্থী শ্রী দাস দাবী করে বলেছেন যে- ধলাই বিধানসভা এলাকার মানুষ জনজীবনের সমস্যা নিয়ে সারা বছর লড়াই চালিয়ে যাওয়া এস ইউ সি আই(কম্যুনিস্ট) দলকে এবার জয়ী করবেন । উল্লেখ্য- ধলাই বিধানসভা আসনে এই নিয়ে দুজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । গতকাল কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থ এই আসনে তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এই আসনের বিজেপি প্রার্থী নীহার রঞ্জন দাস আগামীকাল তার মনোনয়ন পত্র জমা দেবেন ।

এছাড়া বিহালী বিধানসভা আসনে বিজেপি প্রার্থী দিগন্ত ঘাটোয়ার বিশ্বনাথ জেলা আয়ুক্তের কার্যালয়ে আজ মনোনয়ন পত্র দাখিল করেছেন । মনোনয়ন পত্র দাখিলের সময় রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা, রাজ্য বিজেপি সভাপতি ভবেশ কলিতা সহ বেশকয়েকজন সাংসদ ও বিধায়ক উপস্থিত ছিলেন । এই উপলক্ষে আয়োজিত বিজেপির এক সমাবেশে মন্ত্রী শ্রী হাজারিকা বিজেপি প্রার্থীকে জয়ী করার জন্য ভোটদাতাদের প্রতি আহ্বান জানান । এদিকে বিহালী আসনের উপ-নির্বাচনের জন্য সম্মিলিত মোর্চার প্রার্থী প্রদানকে কেন্দ্র করে মতানৈক্যের জন্য কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা আসাম সম্মিলিত মোর্চার সভাপতি পদ থেকে আজ পদত্যাগ করেছেন ।

অন্যদিকে সিডলি বিধানসভা আসনে কংগ্রেস প্রার্থী সঞ্জয় ওয়ারি আজ তার মনোনয়ন পত্র দাখিল করেছেন । উল্লেখ্য- এই আসনে ইতিমধ্যে সাতজন প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । সামুগুড়ি আসনে বিজেপি প্রার্থী দিপ্লু রঞ্জন শর্মা আগামী শুক্রবার মনোনয়ন পত্র দাখিল করবেন ।

---

আসাম সরকার রাজ্যে পর্যাপ্ত পরিমাণ বিদ্যুতের ব্যবস্থা করা এবং এর নির্ভরযোগ্যতা বৃদ্ধি করতে চলতি বছরের এই সময় পর্যন্ত তিনশো কোটি টাকা বিনিয়োগ করে ২৬টি

উপ-কেন্দ্র নির্মাণ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই বিষয়ে জানিয়ে বলেছেন যে-এই উপ-কেন্দ্রগুলি বর্তমান ও ভবিষ্যতের চাহিদা পূরণ করার পাশাপাশি রাজ্যের প্রতিটি প্রান্তে নিরবচ্ছিন্ন শক্তি যোগান সুনিশ্চিত করবে ।

---

অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আয়ুষ্মান ভারত প্রকল্পকে সবচাইতে উৎকৃষ্ট সামাজিক নিরাপত্তামূলক প্রকল্প সমুহের মধ্যে অন্যতম বলে অভিহীত করেছেন । আমেরিকার পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ের হুয়ারটন বিজনেস স্কুলে এক মত বিনিময় অনুষ্ঠানে অংশগ্রহণ করে অর্থমন্ত্রী বলেন যে এই প্রকল্পের মাধ্যমে জনসাধারণের স্বাস্থ্যবীমা করা হয়েছে ।এবং এর অধীনে ৬ কোটি ৩০ লক্ষেরও বেশী লোককে হাসপাতালে ভর্তি করা হয়েছে ।তিনি বলেন যে এই প্রকল্পের অধীনে সম্প্রতি ব্যক্তিগত বা আর্থিক অবস্থা নির্বিশেষে ৭০ বছরের উর্দ্ধের প্রত্যেক ব্যক্তিকে অর্ন্তভুক্ত করা হয়েছে ।ডিজিট্যাল পরিকাঠামোর বিষয়ে উল্লেখ করে তিনি বলেন যে ভারতের নাগরিকদের জন্য ডিজিট্যাল এক্সেসের সুবিধা হচ্ছে এক শক্তিশালী মাধ্যম ।ডিজিট্যাল পরিকাঠামোর মাধ্যমে ভারত দ্রুতগতিতে বিকশিত অর্থনীতি হিসেবে পরিগণিত হচ্ছে বলেও তিনি মন্তব্য করেন ।জনসাধারণকে বিনামূল্যে এই সুবিধা প্রদান করার বিষয়েও তিনি আলোকপাত করেন ।

---

ভারতীয় বায়ুসেনা বাহিনী ও উত্তরাখন্ড যুদ্ধ স্মারক বায়ুবীর বিজেতা কার র‍্যালি আজ অল্প কিছুক্ষণের মধ্যে গুয়াহাটী পৌঁছবে ।দেশের যুব প্রজন্মকে প্রতিরক্ষা বাহিনীতে যোগদানের প্রতি উৎসাহিত করার উদ্দেশ্যে এই র‍্যালির আয়োজন করা হয়েছে । এই বৃহৎ কার র‍্যালি গত আট অক্টোবর সিয়াচেন এয়ারবেস থেকে যাত্রা শুরু করেছিল ।আগামী ২৯ শে অক্টোবর অরুণাচল প্রদেশের তাওয়াংয়ে এই র‍্যালি সমাপ্ত হবে ।প্রতিরক্ষা বিভাগের জনসম্পর্ক আধিকারীক জানিয়েছেন যে বায়ুসেনা বাহিনীর প্রধান এয়ার চীফ মার্শাল অমরপ্রীত সিং এই কার র‍্যালিতে অংশগ্রহণ করছেন ।এদিকে আগামীকাল চীফ মার্শাল শ্রী সিং এবং দলের অন্যান্য প্রতিনিধিরা গুয়াহাটী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সঙ্গে মত বিনিময় করবেন ।

---

আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয় ,বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ ( ইউ জি সি )’র স্বীকৃতি লাভ করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল সামাজিক মাধ্যমে এ কথা জানান । তিনি বলেন যে আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয় রাজ্যের যুবশক্তির দক্ষতা বিকাশের জন্য নতুন নতুন কৌশল অবলম্বন করছে ।দক্ষতা বিশ্ববিদ্যালয়টি রাজ্যের যুবক যুবতিদের কারিগড়ি শিক্ষা বা দক্ষতা বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করা সহ ইউ জি

সির স্বীকৃতি বিশ্ববিদ্যালয়টির পাঠ্যক্রমের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি করবে বলেও মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------------

গোয়ার পানাজীতে অনুষ্ঠিত জাতীয় প্যারা সাঁতার প্রতিযোগিতায় আসাম তিনটি স্বর্ণপদক সহ মোট ৯ টি পদক অর্জন করেছে ।আসামের কৃষ্ণ দাস ১০০ মিটার বেষ্ট স্ট্রোক এবং ২০০ মিটার ফ্রী স্টাইল শাখায় দুটি স্বর্ণপদক লাভ করেছে । সূর্য শইকিয়া ৫০ মিটার বেস্ট ষ্ট্রোক শাখায় স্বর্ণপদক এবং ৫০ মিটার ফ্রীস্টাইল শাখায় রূপোর পদক লাভ করেছে ।প্রতিযোগিতায় আসামের ইয়াসমিন খাতুন তিনটি রূপোর পদক এবং সাজিদা বেগম ব্রঞ্জের পদক লাভ করেছে । আন্তর্জাতিক পর্যায়ের সাঁতার প্রশিক্ষক তথা আসাম প্যারা অলিম্পিক সংস্থার সম্পাদক রাজীব দের নেতৃত্বে আট সদস্যের দলটির এই সাফল্যে আসাম প্যারা অলিম্পিক সংস্থা সন্তোষ প্রকাশ করেছে ।

---------------------------------------------------------------------------------------------

সাম্প্রতিক সময়ে গৌহাটি মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গি রোগে কোনো রোগীর মৃত্যু হয়নি বলে কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে । এই সম্পর্কে কলেজের অধ্যক্ষ ডাঃ অভিজিৎ শর্মা সংবাদ মাধ্যমকে জানিয়েছেন যে- গত বছরে গৌহাটি মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গিতে আক্রান্ত ১৭০ জন রোগীকে ভর্তি করা হয়েছিল । এবছরে ৮৩ জন ডেঙ্গি আক্রান্ত লোকের নাম পঞ্জীয়ন করা হয়েছে । এরমধ্যে তিনজন রোগী সম্প্রতি চিকিৎসাধীন রয়েছেন এবং আরো তিনজনের মৃত্যু হয়েছে । ডাঃ শর্মা ডেঙ্গি প্রতিরোধের জন্য জনসাধারণকে মশারী ব্যবহার করতে, নালা-নর্দমা পরিষ্কার রাখতে এবং ধোঁয়া দেওয়ার ব্যবস্থা করার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

মিজোরামের রাজ্যপাল ডঃ হরিবাবু কাম্ভামপতি বলেছেন যে- অশান্তি এবং হিংসার সমুদ্রে মিজোরাম একটি শান্তির দ্বীপ । আজ আসাম- মিজোরাম সীমান্তে রাজ্যের কোলাশিব জেলার ভাইরেংটিতে অনুষ্ঠিত 'ভারত কো জানো' কার্যসূচীতে অংশগ্রহণ করে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন । তিনি বলেন যে- দুই দশকের সন্ত্রাসবাদের পরিবেশ শেষে মিজোরামে এখন মিজো শান্তি চুক্তি সফলভাবে রূপায়িত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে চলতি বছরে গত ১৪ই অক্টোবর পর্যন্ত ৭৪টি বিশেষ ট্রেন চলাচল করিয়েছে । এই ট্রেনগুলির চলাচলের মাধ্যমে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে ৯৪ কোটিরও বেশি টাকা উপার্জন করেছে । এছাড়া যাত্রীদের সুবিধার্থে এই সময়কালে

আট লক্ষেরও বেশি অতিরিক্ত বার্থ প্রদান করা হয়েছে । এদিকে গত পয়লা অক্টোবর থেকে আগামী ৩০শে নভেম্বর পর্যন্ত উৎসবের মরশুমে ২৬টি বিশেষ ট্রেন চালানো হচ্ছে । এই ট্রেনগুলি ২৩৮টি যাতায়াত সম্পূর্ণ করবে ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জের নির্বাচন আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় পঞ্চায়েত নির্বাচনের খসড়া ভোটার তালিকা গতকাল প্রকাশ করা হয়েছে । জেলার ২০টি জেলা পরিষদের আওতাধীন আঞ্চলিক পঞ্চায়েত ও গ্রাম পঞ্চায়েতের ভোটারদের অবগতির জন্য চলতি বছরের পয়লা জানুয়ারীকে ভিত্তি করে পঞ্চায়েতের খসড়া ভোটার তালিকা আসাম রাজ্য নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে । এই ওয়েব সাইট হচ্ছে-https//ermssec.gov.in । উল্লেখ্য খসড়া ভোটার তালিকায় মোট ভোটারের সংখ্যা হচ্ছে - ৮ লক্ষ ৫৭ হাজার ৩শ ২৬ জন । এরমধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৩৬ হাজার ১শ ৮০ জন এবং মহিলা ভোটার ৪ লক্ষ ২১ হাজার ১২৭ জন এবং অন্যান্য ভোটার ১৯ জন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জের তপশিলি জাতি ও অনগ্রসর শ্রেণী কল্যাণ সঞ্চালকালয় থেকে এক বিজ্ঞপ্তিতে জেলার তপশিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের প্রি-ম্যাট্রিক ও পোষ্ট ম্যাট্রিক স্কলারশিপের জন্য অনলাইনে আবেদন করার সময়সীমা বাড়ানো হয়েছে । বিজ্ঞপ্তিতে ন্যাশনেল স্কলারশিপ পোর্টাল https//scholarships.gov.in এ আবেদন করার সময়সীমা আগামী ৩০শে নভেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে । এক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান থেকে দরখাস্ত যাচাই-এর সংশোধিত শেষ তারিখ হচ্ছে ১৫ই ডিসেম্বর ।

-----------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব রোডের বিশিষ্ট সমাজসেবী তথা লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের সদস্য গৌরাঙ্গ চন্দ্র পাল আজ সকালে নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭৯ । লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের পক্ষ থেকে তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

এদিকে কাবুগঞ্জ এলাকার বিশিষ্ট সমাজসেবী ইরা দে গতকাল সন্ধ্যায় নতুন দিল্লীর একটি বেসরকারী নার্সিংহোমে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭৩ ।
ইরা দে-র মৃত্যুতে কাবুগঞ্জ জনতা কলেজের অধ্যক্ষ ডক্টর দেবাশীষ পাল কলেজ প্রাক্তনীর সাধারন সম্পাদক ডক্টর অনুপ কুমার দে প্রমূখ গভীর শোক প্রকাশ করেছেন ।

--------------------------------------------------------------------------------